

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
টাউন প্ল্যানিং
www.udd.gov.bd



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৩৩

তারিখ: ২ অগ্রহাষণ ১৪২৮

১৭ নভেম্বর ২০২১

বিষয়: বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ এর উন্নয়ন (১ম পর্যায়) ১ম সংশোধিত শীর্ষক প্রকল্পের আওতায় বিইউপি'র মাস্টার প্ল্যান অনুযায়ী পর্যায়ক্রমে বাস্তবায়নের জন্য ছাত্র-ছাত্রী হল, শিক্ষক/কর্মকর্তা এবং কর্মচারীদের বাসস্থানসহ অন্যান্য স্থাপনা নির্মাণের লক্ষ্যে ৭.৬২ একর জমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রেরণ প্রসংগে।

সূত্র: স্মারক নং-২৩.০১.৯০২.৮৫৮.১১.৭৮৬.০৬; তারিখ: ০৪/১০/২০২১খ্রি:

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ এর উন্নয়ন (১ম পর্যায়) ১ম সংশোধিত শীর্ষক প্রকল্পের আওতায় বিইউপি'র মাস্টার প্ল্যান অনুযায়ী পর্যায়ক্রমে বাস্তবায়নের জন্য ছাত্র-ছাত্রী হল, শিক্ষক/কর্মকর্তা এবং কর্মচারীদের বাসস্থানসহ অন্যান্য স্থাপনা নির্মাণের লক্ষ্যে ৭.৬২ একর জমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদানের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে অনুরোধ করেছেন। প্রত্যাশী সংস্থা অত্র দপ্তরকে মোট ৭.৬২ একর জমির তফশিল সরবরাহ করেছেন (তফশিলভুক্ত মোট ৭.৬২ একর জমি)।

জেলা	থানা	মৌজা	জে.এল নং	আরএস দাগ নং	মহানগর দাগ নং	চাহিতব্য জমির পরিমাণ (একর)	ভূমির শ্রেণী
ঢাকা	পল্লবী	দিগুন	২	১২৯৬	৫১৬১	০.৩৭৪৮	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১২৯৭	৫১৬২	০.২১৫৬	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১২৯৬	৫১৬৩	০.৬৪৪০	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১৩০৪	৬৩২০	০.৯২৫২	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১২৯৯	৬৩২১	০.৩৮৬৬	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১৩০০	৬৩২২	০.৩৮০০	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১২৯৯	৬৩২৩	০.৩৩৬৮	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১২৯৮	৬৩২৪	০.৯৯০৪	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১৩০৬	৬৩২৫	০.৭৫৯৬	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১৩০৭	৬৩২৬	০.৭৯০০	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১৩০৫	৬৩২৭	০.৪৪৮৮	ভিটি
ঢাকা	পল্লবী	দিগুন	২	১৩০৭	৬৩২৮	১.৩৬৮২	ভিটি
সর্বমোট চাহিতব্য জমির পরিমাণ						৭.৬২ একর	

রাজউকের Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, চাহিতব্য জমির ভূমি ব্যবহার Overlay Zone হিসেবে দেখানো আছে।

সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহকৃত মৌজাম্যাপ ও প্রত্যাশী সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্দেশিত প্রস্তাবিত জমি মৌজা: দ্বিগুন, জেএল নং:২, থানা: পল্লবী, জেলা: ঢাকা, এর ১২ (বার) টি দাগে কম/বেশি মোট

৭.৬২ একর ভূমি অধিগ্রহণ করা হবে। উক্ত প্রস্তাবিত ১২ (বার) টি দাগের জমির শ্রেণী ভিটি। প্রস্তাবিত জমির ভিতরে বর্তমানে ঘাস ও জঙ্গল আছে। প্রস্তাবিত জমির পারিপার্শ্বিক অবস্থা: উত্তর পার্শ্বে সেনানিবাসের ময়লা ফেলার ডাম্পিং পয়েন্ট, পূর্ব পার্শ্বে হাই ভোল্টেজ ইলেকট্রিক লাইন যাহা প্রস্তাবিত জায়গার বাহিরে, দক্ষিণ পার্শ্বে বিইউপি এর লেক, এবং পশ্চিম পার্শ্বে এমআইএসটি এর পতিত জায়গা। প্রস্তাবিত জমি অনাবাদী/পতিত। এছাড়াও প্রস্তাবিত জমিতে মন্দির, গির্জা, স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি সহ কোন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান নাই।


বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ এর উন্নয়ন (১ম পর্যায়) ১ম সংশোধিত শীর্ষক প্রকল্পের আওতায় বিইউপি'র মাস্টার প্ল্যান অনুযায়ী পর্যায়ক্রমে বাস্তবায়নের জন্য ছাত্র-ছাত্রী হল, শিক্ষক/কর্মকর্তা এবং কর্মচারীদের বাসস্থানসহ অন্যান্য স্থাপনা নির্মাণের লক্ষ্যে আবাসন সমস্যা নিরসনে উক্ত জমি অধিগ্রহণের প্রয়োজন আছে। ফলশ্রুতিতে, নিম্ন-লিখিত শর্তসাপেক্ষে উক্ত জমি অধিগ্রহণে অত্র দপ্তরের কোন আপত্তি নাই।

শর্তসমূহঃ

- ১। চাহিতব্য ভূমিতে DAP প্রস্তাবিত Overlay Zone-এ প্রচলিত আইন অনুসরণ করতে হবে এবং DAP অনুযায়ী নগর উন্নয়ন কমিটির ছাড়পত্র নিতে হবে।
- ২। প্রকল্প এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাধার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ৩। রাজউক প্রস্তাবিত রাস্তাগুলোর ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনা করে ডিজাইন করতে হবে।
- ৪। খালের জমি কোনভাবেই দখলে আনা যাবে না।
- ৫। খালের পাশে ২০ ফুট রাস্তা নির্মাণের জন্য জমি সংরক্ষণ করতে হবে।
- ৬। Plantation এর ব্যবস্থা থাকতে হবে।
- ৭। সংলগ্ন সকল জায়গা সুরক্ষিত রাখতে হবে এবং প্রাকৃতিক সৌন্দর্য/পরিবেশ রক্ষার্থে ঐ সমস্ত জায়গা Beautification এর ব্যবস্থা নিতে হবে।
- ৮। ছাত্র-ছাত্রী হল, শিক্ষক/কর্মকর্তা এবং কর্মচারীদের বাসস্থানসমূহে বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান (STP) স্থাপন করতে হবে এবং যাতায়াতের সুবিধার্থে পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।
- ৯। অতি বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত Drainage এর ব্যবস্থা রাখতে হবে।
- ১০। পূর্ব পার্শ্বে হাই ভোল্টেজ ইলেকট্রিক লাইন বিদ্যমান থাকায় সেখানে সংশ্লিষ্ট নিয়ম নীতি অনুসরণ করতে হবে।
- ১১। রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।

সংযুক্তিঃ

১. সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন (সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন)।
২. ড্যাপ পর্যালোচনা প্রতিবেদন (ড্যাপ পর্যালোচনা প্রতিবেদন)।
৩. রিজিওনাল ম্যাপ (রিজিওনাল ম্যাপ)।
৪. রাজউক কর্তৃক প্রেরিত ছাড়পত্র (রাজউক কর্তৃক প্রেরিত ছাড়পত্র)।
৫. ভূমি ব্যবহার ম্যাপ (ভূমি ব্যবহার ম্যাপ)।
৬. তফশিলভুক্ত মোট ৭.৬২ একর জমি (তফশিলভুক্ত মোট ৭.৬২ একর জমি)।



১৭-১১-২০২১

মো: মাহমুদ হোসেন
সিনিয়র প্ল্যানার

মোঃ জামাল মাহমুদ সিদ্দিক, ব্রিগেডিয়ার জেনারেল
প্রধান পরিকল্পনা
উন্নয়ন ও পূর্ত, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৩৩/১(১০)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪২৮
১৭ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) সিনিয়র প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৬) সিনিয়র প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) সহকারী প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১০) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১৭-১১-২০২১

মো: রাসেদুল ইসলাম
সহকারী প্ল্যানার